# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 19-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে SIR প্রক্রিয়ায় প্রথম সাপ্লিমেন্টারী লিস্ট আগামীকাল বের হতে চলেছে।

২) ভোটের আগে আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকদের সঙ্গে ফের বৈঠকে বসেছেন, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

৩) বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী তালিকা প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান।

৪) বিধাননগর ও শিলিগুড়ির পুলিশ কমিশনারের বদলির নির্দেশ প্রত্যাহার করেছে নির্বাচন কমিশন।

৫) ভোটের দিন এগিয়ে আসতেই রাজ্যের বিভিন্ন জায়গা থেকে হিংসা ও অশান্তির খবর আসছে।

৫) রাজ্যে আজ কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

---

পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় এডজুডিকেশনে থাকা ভোটারদের নাম ঝাড়াই বাছাইয়ের পর প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারী লিস্ট আগামীকাল বের হবে।

তার আগে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের নেতৃত্বে আজ এক বৈঠক হয়। হাইকোর্টে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের স্বরাষ্ট্র সচিব,রাজ্য পুলিশের ডিজিপি ও কলকাতা পুলিশ কমিশনার।

জানা গেছে, অতিরিক্ত তালিকা প্রকাশের পর যে সমস্ত নাম বাদ যাচ্ছে তাদের পক্ষ থেকে কোথাও যাতে অশান্তি ছড়াতে না পারে সে দিকে নজর রাখার পাশাপাশি এস আই আরের কাজে নিযুক্ত বিচারক বা জুডিশিয়াল আধিকারিদের নিরাপত্তা সুনিশ্চিত করতেই এই জরুরি বৈঠক ডেকেছিলেন প্রধান বিচারপতি।

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের পর গত ২৮ শে ফেব্রুয়ারী প্রকাশিত হয় চূড়ান্ত ভোটার তালিকা। তাতেই ৬০ লক্ষের অধিক নাম বিচারাধীন বা অ্যাজুডিকেশনের অধীন ছিল। এইসব নাম পর্যালোচনার জন্য সুপ্রীম কোর্টের নির্দেশে নিয়োগ করা হয় জুডিশিয়াল আধিকারিকদের।

-------------------

রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারিকেরা আজ নবনিযুক্ত রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবির সঙ্গে সাক্ষাৎ করেন। লোক ভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে বৈঠক করেন মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়াল, স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ, রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্ত এবং কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দা। কলকাতা হাইকোর্টের বৈঠক শেষে তারা সেখানে যান। প্রশাসনের তরফে একে সৌজন্য সাক্ষাৎ বলে জানানো হলেও রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচন প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলে লোক ভবন সূত্র উদ্ধৃত করে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

--------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ ফের পুলিশ কর্তাদের সঙ্গে বৈঠকে বসেছেন। বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K মিশ্র, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, ADG (আইন শৃঙ্খলা) অজয় রানাডে, রাজ্য পুলিশের নোডাল অফিসার আনন্দ কুমার, কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দা বৈঠকে উপস্থিত আছেন বলে জানা গেছে।

--------------------

বিধাননগরের পুলিশ কমিশনার মুরলিধর শর্মা ও শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজাকে তাঁদের পদে বহাল রাখা হচ্ছে। পূর্ববর্তী নির্দেশ বাতিল করে নির্বাচন কমিশন একথা জানিয়েছে। রাজ্যের ওই দুই আইপিএস আধিকারিককে গতকাল তামিলনাডু বিধানসভা ভোটে পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করার নির্দেশ জারি করেছিল নির্বাচন কমিশন। পূর্ববর্তী নির্দেশ খারিজ করে কমিশন আজ জানিয়েছে তারা আপাতত নিজের পদেই বহাল থাকবেন।

--------------------

রাজ্যে বিভিন্ন দলের প্রার্থী তালিকা প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। কলকাতায় সবচেয়ে নজরকাড়া কেন্দ্র ভবানীপুরে আজ সকালে পৌঁছে যান বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। সঙ্গে থাকা কর্মী সমর্থকদের নিয়ে ঢাকঢোল বাজিয়ে বেশ কিছুক্ষণ জন সংযোগ সারেন তিনি। সাংবাদিকদের কাছে শ্রী অধিকারী ভোটে বিপুল ব্যবধানে জেতার ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেছেন।

অন্যদিকে, ঐ কেন্দ্রেই শাসকদলের পক্ষ থেকে প্রার্থী মমতা ব্যানার্জীর নামে সকাল থেকেই শুরু হয়ে দেওয়াল লিখন। দলীয় কর্মীরা মানুষের কাছে গিয়ে প্রচার চালাচ্ছেন।

উল্লেখ্য আজ বিকেলের মধ্যেই প্রকাশিত হতে পারে বিজেপির দ্বিতীয় প্রার্থী তালিকা। এর আগে প্রথম প্রার্থী তালিকায় ১৪৪ জনের নাম ঘোষণা করে তারা।

--------------------

রাজ্যের বিভিন্ন দুর্গম ও প্রান্তিক এলাকায় অবস্থিত ভোটকেন্দ্রগুলিতে, নির্বিঘ্নে ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন আগাম প্রস্তুতি শুরু করেছে। দুর্গম পাহাড়ি এলাকা ও সুন্দরবনের নদীঘেরা প্রত্যন্ত বুথে, ভোটকর্মীদের নিরাপদ ও সময়মতো পৌঁছে দিতে বিশেষ পরিকল্পনা নিয়েছে কমিশন।

দার্জিলিং বিধানসভা কেন্দ্রের তিনটি ভোটকেন্দ্র—দারাগাঁও জুনিয়র হাইস্কুল, রাম্মাম ফরেস্ট প্রাইমারি স্কুল এবং সামানডেন ফরেস্ট প্রাইমারি স্কুল—অত্যন্ত দুর্গম এলাকায় অবস্থিত। এই কেন্দ্রগুলিতে পৌঁছতে কঠিন পাহাড়ি পথ অতিক্রম করতে হয়। সেই কারণে সংশ্লিষ্ট ভোটকর্মীদের ভোটের দু'দিন আগেই রওনা দিতে হবে। পাহাড়ি পথে চলাচলের উপযুক্ত যানবাহনের পাশাপাশি খচ্চরের সাহায্যেও সরঞ্জাম পাঠানোর পরিকল্পনা করা হয়েছে। ভোটগ্রহণ শেষে পরদিন, ধাপে ধাপে ফিরতে হবে কর্মীদের।

অন্যদিকে, উত্তর ২৪ পরগনার সন্দেশখালি ও হিঙ্গলগঞ্জ এবং দক্ষিণ ২৪ পরগনার গোসাবা বিধানসভা কেন্দ্রের মোট ৪৩৯টি ভোটকেন্দ্র সুন্দরবনের নদীবেষ্টিত অঞ্চলে অবস্থিত। এখানে যাতায়াত সম্পূর্ণ নির্ভর করে জোয়ার-ভাটার উপর। ফলে ভোটকর্মীদের লঞ্চ বা নৌকায় করে যাতায়েত করতে হয়। এক্ষেত্রেও ভোটকর্মীরা দুদিন আগেই ডিসপার্সাল সেন্টারে হাজির হবেন।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা। 'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'ঋতু পরিবর্তনের সন্ধিক্ষণে স্বাস্থ্য সচেতনতা' । এই নিয়ে বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ( ১৯/০৩/২৬) রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

রক্তপাতহীন, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ বিধানসভা নির্বাচনের দাবিতে কলকাতা হাইকোর্টে দায়ের করা জনস্বার্থ মামলা খারিজ করে দিলেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ।

প্রধান বিচারপতি তাঁর পর্যবেক্ষণে জানিয়েছেন, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন করা কমিশনের দায়িত্ব। সে ব্যাপারে আদালতকে নির্দেশ দেওয়ার প্রয়োজন নেই। তবে আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে যদি সেরকম অশান্তিপূর্ণ ঘটনা কিছু ঘটে তখন মামলাকারী আদালতে আবেদন জানাতে পারেন। আপাতত এই মামলা গুরুত্বহীন। মামলাকারীকে তার মামলা প্রত্যাহারও করে নিতে নির্দেশ দেন প্রধান বিচারপতি।

-------------------

বিধানসভা নির্বাচনের প্রার্থী তালিকা ঘোষণা হতেই উত্তর চব্বিশ পরগনার মিনাঁখা বিধানসভার হাড়োয়া থানা এলাকায় আজ মশিউর কাজি নামে এক তৃণমূল কংগ্রেস কর্মীর রক্তাক্ত দেহ উদ্ধারে উত্তেজনা ছড়িয়েছে।

আজ সকালে ঝুঝুরগাছা গ্রামে রাস্তার ধার থেকে বছর ৩৮-এর ওই কর্মীর ক্ষতবিক্ষত দেহ পড়ে থাকতে দেখা যায়। শাসক দলের বুথ সভাপতি মশিউরের দেহে একাধিক ধারালো অস্ত্রের কোপ রয়েছে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। শুরু হয়েছে তদন্ত। পরিবারের পক্ষ থেকে কোনো রাজনৈতিক দলের বিরুদ্ধে স্পষ্ট অভিযোগ দায়ের না হলেও মৃত্যুর সঠিক বিচার চাইছেন তারা।

এর আগে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হিসেবে উষারাণী মণ্ডলের নাম ঘোষণা হওয়ার পর থেকেই এলাকায় তাঁর অনুগামী এবং স্থানীয় নেতা খালেক মোল্লার অনুগামীদের মধ্যে দফায় দফায় রক্তক্ষয়ী সংঘর্ষ শুরু হয়। সেই রেশ কাটতে না কাটতেই এই মোশিউরের রহস্যজনক মৃত্যুতে ব্যাপক আতঙ্ক ছড়িয়েছে।

যদিও এই খুনের ঘটনায়  দলের পক্ষ থেকে এখনও পর্যন্ত কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

বসিরহাট সাংগঠনিক জেলা বিজেপির সহ-সভাপতি সৌম্য সাহা রাজ্যের শাসন ব্যবস্থা এবং ভোট হিংসা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, হাড়োয়ায় তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় শাসক দলের'ই হাত রয়েছে।  এই ঘটনা তাদের গোষ্ঠী কোন্দলের ফল। দিল্লী থেকে আজ কলকাতায় ফিরে সাংবাদিকদরে প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন, বর্তমান সরকারের মেয়াদ শেষ হয়ে গেছে বুঝতে পেরে শাসক শিবির উদ্বিগ্ন।

(বাইট- সুকান্ত হাড়োয়া)

-------------------

দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গরে আজ সকালে বোমা বিস্ফোরণের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। চালতাবেরিয়ার বামানিয়া এলাকার ঐ ঘটনায় একজনের মৃত্যু হয়েছে বলে মনে করা হচ্ছে। আহত বেশ কয়েকজন। ঘটনাকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট আইএসএফ-এর দাবি, হতাহতরা সকলেই তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থক। ভোটের মুখে হিংসা ছড়াতে বোমা বাধার সময়ে এই বিস্ফোরণ বলে অভিযোগ করেছেন আইএসএফ-এর পঞ্চায়েত সদস্য আবুল খয়ের মোল্লা। যদিও শাসকদলের পক্ষ থেকে যাবতীয় অভিযোগ অস্বীকার করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশাল পুলিশ বাহিনী এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়নারা এলাকায় পৌঁছছেন। চাপা উত্তেজনা থাকলেও শান্তি বজায় রাখার আবেদন জানিয়েছে প্রশাসন।

-------------------

ভোটের আগেই নাকা চেকিং-এর সময়ে কোচবিহারের অসম-বাংলা সীমান্ত জোড়াই মোড় থেকে উদ্ধার হয়েছে অস্ত্র ও গোলাগুলি। ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে বক্সিরহাট থানার পুলিশ। এরা সকলেই বিহারের বাসিন্দা। গাড়ি থেকে উদ্ধার হয়েছে একটি পিস্তল ও ২৫ রাউন্ড গুলি। গাড়িটি অসম থেকে এরাজ্যে প্রবেশ করেছিল।

--------------------

সন্দেশখালি কাণ্ডে সিবিআই এর হাতে গ্রেফতার হওয়া শেখ শাহজাহান ও আলমগীরের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

শেখ শাহজাহানের আইনজীবী আদালতে জানান, জামিন মামলার শুনানির সময় সাক্ষী সংখ্যা ৮৬ থেকে বেড়ে দাঁড়িয়েছে প্রায় ২০০ জন। এছাড়াও যার বয়ানের ভিত্তিতে শেখ শাহজাহানকে অভিযুক্ত করা হয়েছে। সেই মাজেদা বিবিকে অভিযুক্ত করে চার্জশিট দিয়েছে সিবিআই। এর প্রেক্ষিতেই বিচারপতি শুভ্রা ঘোষ তাঁর নির্দেশে জানিয়েছেন, নতুন করে পাওয়া তথ্যের ওপর ভিত্তি করে কলকাতা হাইকোর্টে ফের জামিনের আবেদন করতে হবে।

উল্লেখ্য, ২০২৪ এ লোকসভা নির্বাচনের আগে রাজ্য রাজনীতিতে তোলপাড় ফেলে দিয়েছিল সন্দেশখালি কাণ্ড।কলকাতা হাইকোর্টের তৎকালীন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের বেঞ্চের নির্দেশ সিবিআই শেখ শাহজাহানকে গ্রেফতার করে।

--------------------

রাজ্যে আজ কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান এবং দক্ষিণ ২৪ পরগনায় দমকা হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

তবে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ২৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ১ ডিগ্রি বেশি।

------------------- -------------------